# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩০৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ যে হাঁচি দিবে সে আলহামদু লিল্লাহ বললে তার উত্তর দেওয়া মুস্তাহাব। নচেৎ তা অপছন্দনীয়। হাঁচির উত্তর দেওয়া, হাঁচি ও হাই তোলা সম্পর্কিত আদব-কায়দা

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ : عَطَسَ رَجُلانِ عِنْدَ النَّبِيِّ ﷺ فَشَمَّتَ أَحَدَهُمَا وَلَمْ يُشَمِّتِ الآخَرَ فَقَالَ الَّذِي لَمْ يُشَمِّتْهُ : عَطَسَ فُلاَنٌ فَشَمَّتَّهُ وَعَطَسْتُ فَلَمْ تُشَمِّتْنِي ؟ فَقَالَ هَذَا حَمِدَ الله وَإِنَّكَ لَمْ تَحْمَدِ الله متفقٌ عَلَيْهِ

বাংলা

(৩৩০৯)আনাস (রাঃ) হতে বর্ণিত, দু’জন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে হাঁচল। তিনি তাদের মধ্যে একজনের উত্তর দিলেন। আর দ্বিতীয় জনের উত্তর দিলেন না। যে ব্যক্তির উত্তর দিলেন না সে বলল, ’অমুক ব্যক্তি হাঁচল তো তার উত্তর দিলেন, আর আমি হাঁচলাম, কিন্তু আপনি আমার উত্তর দিলেন না!?’ তিনি বললেন, ঐ ব্যক্তি ’আলহামদু লিল্লাহ’ পড়েছে। আর তুমি ’আলহামদু লিল্লাহ’ পড়নি তাই।

ফুটনোট

(বুখারী ৬২২৫, মুসলিম ৭৬৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67057

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন